

15th round of Foreign Office Consultations between India and Singapore

August 11, 2021

ভারত এবং সিঙ্গাপুরের মধ্যে পঞ্চদশতম বিদেশ দপ্তর আলোচনা অগাস্ট 11, 2021

11ই অগাস্ট 2021 তারিখে ভারত এবং সিঙ্গাপুরের মধ্যে পঞ্চদশতম বিদেশ দপ্তর আলোচনা ভার্চুয়ালি অনুষ্ঠিত হয়েছে। ভারতের প্রতিনিধি দলের নেতৃত্ব দিয়েছেন পররাষ্ট্র বিষয়ক মন্ত্রকের সচিব (পূর্ব), শ্রীমতি রিভা গাঙ্গুলি দাস এবং সিঙ্গাপুরের প্রতিনিধি দলের নেতৃত্ব দিয়েছেন সিঙ্গাপুরের বিদেশ বিষয়ক মন্ত্রকের স্থায়ী সচিব শ্রীযুক্ত চী উঙ্গ কিওং।

2. উভয় পক্ষ দ্বিপাক্ষিক সম্পর্কের আগাগোড়া পর্যালোচনা করেছেন এবং অতিমারি সত্ত্বেও দ্বিপাক্ষিক সম্পর্কের মধ্যে বিশেষত বাণিজ্য এবং প্রতিরক্ষা সহযোগিতার ক্ষেত্রে বেশকিছু সারবস্তু এবং বিষয়বস্তু যুক্ত হওয়ায় তারা তাদের সন্তোষ ব্যক্ত করেছেন। প্রতিনিধি দল উভয় দেশের মধ্যে অর্থনৈতিক সম্পর্ককে আরও মজবুত করার উপায় নিয়ে আলোচনা করেছেন। ভ্রমণের বিধিনিষেধকে শিথিল করা এবং জনগণের সাথে জনগণের যোগাযোগকে পুনরাস্ত করা নিয়েও আলোচনা হয়েছে। দ্বিতীয় Covid ডেউয়ের সময়ে সাহায্য করার জন্য সচিব (পূর্ব) সিঙ্গাপুরকে ধন্যবাদ জ্ঞাপন করেছেন।

3. ইন্দো-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে আসিয়ান-ভারত সম্পর্ক এবং ভারত সিঙ্গাপুর সহযোগিতার সঙ্গে প্রাসঙ্গিক বিষয়গুলি নিয়েও আলোচনা করা হয়েছে। সিঙ্গাপুর আসিয়ানে তিন বছরের মেয়াদকালের জন্য (2021-2024) ভারতের জন্য দেশ সমন্বয়কারীর দায়িত্ব গ্রহণ করেছে। এই অঞ্চলের সঙ্গে সম্পর্কিত আন্তর্জাতিক এবং কৌশলগত বিষয়গুলির উপরে দৃষ্টিভঙ্গিরও বিনিময় করা হয়েছে।

4. বন্ধুত্বপূর্ণ এবং আন্তরিক পরিবেশের মধ্যে আলোচনাটি অনুষ্ঠিত হয়েছে। উভয় পক্ষ পারস্পরিক সুবিধামত একটি তারিখে পরবর্তী আলোচনার আয়োজন করার বিষয়ে একমত হয়েছেন।

নিউ দিল্লি

অগাস্ট 11, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.